চুয়াডাঙ্গায় শৈত্যপ্রবাহ অব্যাহত, তাপমাত্রা নেমেছে ৬.৯ ডিগ্রিতে

পৌষের শেষভাগে কনকনে শীতে বিপর্যস্ত হয়ে উঠেছে চুয়াডাঙ্গার জনজীবন। জেলার ওপর দিয়ে মাঝারি মাত্রার শৈত্যপ্রবাহ বয়ে যাওয়ার পাশাপাশি ঘন কুয়াশা পরিস্থিতিকে আরো ভয়াবহ করে তুলেছে। কুয়াশার ফোঁটা বৃষ্টির মতো ঝরছে, ফলে দৈনন্দিন জীবনযাত্রা প্রায় স্থবির হয়ে পড়েছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সূত্রে জানা যায়, বুধবার (৭ জানুয়ারি) জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

এসময় বাতাসের আর্দ্রতা ছিল ৯৫ শতাংশ। এর আগের দিন মঙ্গলবার (৬ জানুয়ারি) সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

টানা তিন দিন সূর্যের দেখা না মিললেও বুধবার কিছুটা রোদের দেখা মিলেছে। তবে উত্তর দিক থেকে বয়ে আসা হিম বাতাস ও ঘন কুয়াশার কারণে শীতের তীব্রতা কয়েকগুণ বেড়ে গেছে।

খুব প্রয়োজন ছাড়া মানুষ ঘর থেকে বের হচ্ছেন না। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন খেটে খাওয়া ও ছিন্নমূল মানুষজন।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান জানান, দিনে ও রাতের তাপমাত্রার পার্থক্য কম থাকায় শীত বেশি অনুভূত হচ্ছে। তিনি আরো জানান, আগামী কয়েক দিনে তাপমাত্রা আরো কমতে পারে।

এদিকে জেলার চারটি উপজেলায় শীতার্ত মানুষের মধ্যে প্রায় ১৮ হাজার কম্বল বিতরণ করা হচ্ছে। পাশাপাশি নগদ অর্থের বরাদ্দও পাওয়া গেছে। তবে স্থানীয়দের অভিযোগ, প্রয়োজনের তুলনায় এই সহায়তা খুবই অপ্রতুল। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, অতিরিক্ত শীতবস্ত্র চেয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ইতিমধ্যে পত্র পাঠানো হয়েছে।

সূত্র: কালের কন্ঠ ।

দামুড়হুদায় শত্রুতামূলক ফলন্ত ভুট্টার গাছ কর্তন

দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের আব্দুল ওয়াহেদের শত্রুতামূলক এক বিঘা ভুট্টার গাছ কর্তন করেছে। গতকাল মঙ্গলবার দিবাগত রাতে কে বা কাহারা এক বিঘা জমির ভুট্টা গাছ কলা গাছ টেনে ভেঙে দিয়েছে।

জানা যায়, দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের আব্দুল ওয়াহেদ লোক মারফত শুনতে পারে যে তার শত্রুতামূলক কে বা কাহারা এক বিঘা জমির ফলন্ত ভুট্টার গাছ কলা গাছ টেনে ভেঙ্গে দিয়েছে। পরে সে জমিতে গিয়ে দেখে এক বিঘাা জমির সব ভুট্টা গাছ মাটিতে লুটিয়ে পড়েছে।এই দৃশ্য দেখে দিনমুজুর আব্দুল ওয়াহেদ মাথা হাত দিয়ে কান্নায় ভেঙ্গে পড়ে।

এসময় আব্দুল ওয়াহেদ কান্না জড়িত কন্ঠে বলতে থাকে আমি গরীব মানুষ বিভিন্ন জায়গায় ধার দেনা করে পরের জমি লিজ নিয়ে এই ভুট্টা চাষ করেছি।আর আমার এত বড় ক্ষতি করে দিল। আমি এ বিচায় আল্লার হাতে ছেড়ে দিলাম। আল্লাহ এ বিচার করবে।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমি এমন ঘটনা শুনেছি। আসলে এই ধরনের ঘটনা খুব দুঃখজনক। একটি লিখিত অভিযোগ দিলে কৃষি প্রণোদনা দিয়ে সহায়তা করা হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার উবাইদুর রহমান সাহেল বলেন, আসলে এ ধরনের ঘটনা খুবই দুঃখজনক ঘটনা।

দামুড়হুদা চিৎলায় পিতাকে মারধর করায় ছেলে ও নাতিসহ আটক-৩

দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামে পিতা-মাতা ও বোনকে রক্তাত্ব জখম করার অপরাধে ছেলে ও নাতিসহ তিনজনকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার পুলিশ।

আটকৃতরা হলো ইয়ারুল ইসলাম (৩৬), আকতারুল ইসলাম (৩৩) ও চিৎলা গ্রামের আব্দু সাত্তারের ছেলে ও একই গ্রামের কবিরের ছেলে মামুন (২৩)।

গত ২ই জানুয়ারি রাত ৮ টার দিকে অতর্কিতভাবে পিতা মাতা ও বোনকে মারধর করে রক্তত্ব জকম করে। পরে পিতা আব্দুস সাত্তার বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি মামলা দায়ের করিলে গতকাল সোমবার রাত ১০ টার দিকে দুই ভাই ও নাতি ছেলেকে আটক করে পুলিশ।

জানা যায়, দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামের আব্দুস সাত্তারের(৮০) স্ত্রী খাজিরনের সাথে বৈ মাদের সাথে ঝগড়া বিবাদ হয়। এমন কথা শুনে আব্দুস সাত্তারের দুই ছেলে ইয়ারুল ইসলাম আকতারুল ইসলাম ও নাতি ছেলে মামুন ঘুমন্ত অবস্থায় আব্দুস সাত্তার, স্ত্রী খাজিরন ও মেয়ে রোকসনাকে লাঠিসোঠা নিয়ে মারধর করে রক্তাত্ব জখম করে। পিতা আব্দুস সাত্তার বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি মামলা দায়ে করে (যার মামলা নংদামুরহুদা থানার মামলা নং ০২ তাং ০৩/০১/২০২৬ধারা১৪৩/৪৪৮/৩২৩/৩২৪/৩২৬/७०২/৩০৪)। পরে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মোহাম্মদ মেজবাহ উদ্দিন এর নেতৃত্বে এসআই সৈয়দ আসাদ তার সঙ্গীয় ফোর্স নিয়ে দুই ছেলে ও এক নাতি ছেলেকে আটক করে। গতকালই তাদেরকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মোহাম্মদ মেজবাহ উদ্দিন বলেন, এমন ধরনের একটি নেককারজনক ঘটনা কোনভাবেই মেনে নেওয়া যায় না। বৃদ্ধ বাবাকে এভাবে রক্তাক্ত জখম করার অপরাধে দুই ছেলে ও নাতি ছেলেকে আটক করা হয়। পরে তাদেরকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় সর্বনিম্ন

তাপমাত্রায় জনজীবনে দুর্ভোগ-

ঐশিকার উদ্যোগে শীতবস্ত্র

বিতরণ

চুয়াডাঙ্গা সহ আলমডাঙ্গায় সর্বকালের সর্বনিম্ন তাপমাত্রা বিরাজ করছে। সাধারণ শ্রমজীবী মানুষের জন জীবনে দুর্ভোগ বেড়েই চলেছে। কনকনে শীতে আর হিমেল বাতাসে মানুষ ঘর থেকে বাহির হয়ে কর্মস্থলে পৌঁছাতে কষ্টের অন্ত নেই। এই অবস্থায় শীতার্ত অসহায় মানুষের মাঝে পাশে দাঁড়াতে সকল স্বেচ্ছাসেবী সংস্থা, বেসরকারি সংস্থা ও ধনীকশ্রেনী কে এগিয়ে আসার আহব্বান জানিয়েছেন সুশীল সমাজ।

আলামডাঙ্গায় ঐশিকা সংস্থার উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন করেছেন। আলামডাঙ্গা থানাপাড়া ঐশিকা সংস্থার উদ্যোগে ৩ শতাধিক শীতার্ত অসহায় ও দরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে থানা পাড়া ঐশিকা সংস্থার কার্যালয় হতে আনুষ্ঠানিকভাবে শীতবস্ত্র কম্বল বিতরণ করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। সমাজসেবা অফিসার সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, গার্মেন্টস মালিক সমিতির সভাপতি আব্দুস সামাদ, ঐশিকা সংস্থার নির্বাহী কর্মকর্তা আশরাফুল কবির, সংস্থার শাখা ব্যবস্থাপক আলাউদ্দিন, মোঃ মোবারক হোসেন, সার্জেন আলী।

সার্বিক দায়িত্বে ছিলেন, ঐশিকা সংস্থার সহ-সভাপতি আবু সাঈদ মিয়া। ঐশিকার সংস্থার স্বত্বাধিকারী আমেরিকা প্রবাসী আব্দুল মান্নান রতন জমিদারের পক্ষ থেকে জানানো হয়, প্রতি বছরের মত এবারো মানবিক দায়িত্ববোধ থেকেই এই উদ্যোগ নেওয়া হয়েছে এবং শীতকালজুড়ে তাদের সহায়তা কার্যক্রম চলমান থাকবে।

আলমডাঙ্গায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গা মুন্সিগঞ্জ এলাকার মাধবিতলা নামক স্থানে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রান গেল একজন মৎস্যজীবী দিনমজুরের। গতকাল সকাল ৭ টার সময় এই দুর্ঘটনা ঘটে।

জানা গেছে, ঝিনাইদহ মহেশপুর বাগান মাঠ গ্রাম থেকে আলমসাধু যোগে মাছ নিয়ে আলমডাঙ্গায় আসছিলেন। মাছভর্তি আলমসাধু পিটি আই মোড় ছাড়িয়ে মাধবিতলায় আসলে, উল্টো দিক থেকে দ্রুত গতিতে ছুটে আসা বালুভর্তি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। আলমসাধু চালক ছিটকে পড়ে প্রানে বাঁচলেও হেলপার হিসেবে আসা আলি হোসেন ফরায়জী ঘটনাস্থলে মৃত্যু বরণ করেন।

সকালের কনকনে শীতে আর ঘন কোঁয়াশায় এইসব বালি বোঝাই ট্রাকের দ্রুত গতিতে ছুটে আসাকেই এই দুর্ঘটনা জন্য দায়ী করেছেন এলাকাবাসী। সেই সাথে বিক্ষুব্ধ জনতা এই রকম বালি বোঝাই ট্রাক থামিয়ে বিক্ষোভ প্রকাশ করেন।

আলমডাঙ্গা থানা পুলিশ ও মুন্সিগঞ্জ ক্যাম্প পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

মৃত আলি হোসেনের লাশ উদ্ধার করে আলমডাঙ্গা থানা পুলিশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করেন।

আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, আটককৃত বালিভর্তি ট্রাক থানায় নিয়ে আসা হয়েছে।মামলার প্রস্তুতি চলছে এবং যথাযথ আইনানুগ ব্যবস্থা করা হবে।

দামুড়হুদায় বেগম খালেদা জিয়ার রুহে’র মাগফিরাত কামনায় দোয়া

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর চেয়ারপারসন, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া’র রুহের মাগফিরাত কামনায় দামুড়হুদায় স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা যুবদলের আয়োজনে আজ মঙ্গলবার বেলা ২টার সময় ফ্যান্টাসি চুয়াডাঙ্গা পার্ক করিডোরে এ স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা- ০২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু।

এসময় তিনি বলেন, বেগম খালেদা জিয়ার রাজনৈতিক জীবন, গণতন্ত্র প্রতিষ্ঠায় তাঁর ভূমিকা এবং দেশ ও জনগণের অধিকার রক্ষায় তাঁর অবদানের কথা স্মরণ করেন। বেগম খালেদা জিয়া ছিলেন এ দেশের গণতন্ত্র ও ভোটাধিকার আন্দোলনের অন্যতম প্রধান নেতা। তাঁর নেতৃত্বে বিএনপি একাধিক গণতান্ত্রিক আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। রাষ্ট্র পরিচালনায় তাঁর অবদান দেশের রাজনৈতিক ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। তিনি আরো বলেন, বেগম খালেদা জিয়ার আদর্শ ও রাজনৈতিক দর্শন বিএনপি নেতাকর্মীদের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে এবং তাঁর দেখানো পথ অনুসরণ করেই দল ভবিষ্যৎ রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করবে।

স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু’র সভাপতিত্বে এসময় আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন,দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম। জেলা যুবদলের সভাপতি শরিফুজ্জামান সিজার, সাধারণ সম্পাদক সাইফুর রহমান ঝন্টু,দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, সোহেল রানা সহ দামুড়হুদা উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

স্মরণ সভা শেষে বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। একই সঙ্গে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করা হয়। দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন হাফেজ মাওলানা নাজমুল হোসাইন বিপ্লবী।
অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন।

দেশের চাবি আপনার হাতে’ স্লোগানে দামুড়হুদায় ভোটের গাড়ির প্রচারণা

দেশের চাবি আপনার হাতে’ এই স্লোগানকে সামনে রেখে আসন্ন গণভোট ও জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রচারণা চালাতে দামুড়হুদায় পৌঁছেছে সরকারি ‘ভোটের গাড়ি’। আজ মঙ্গলবার সকাল ১০টায় দামুড়হুদা বাসস্ট্যান্ড সংলগ্ন নূরনবী মার্কেটের সামনে সরকারি ভোটের গাড়ির মাধ্যমে প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনীর মধ্য দিয়ে এ প্রচারণা কার্যক্রম শুরু হয়।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ‘সুপার কারাভান’ নামে ১০টি গাড়ির বহর নিয়ে গত ২২ ডিসেম্বর এ কর্মসূচির যাত্রা শুরু হয়। তীব্র শীত উপেক্ষা করেও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ভোটের গাড়ি’র কার্যক্রম ও প্রদর্শিত প্রামাণ্য চলচ্চিত্র উপভোগ করেন।

ভোটের গাড়ি’র প্রচারণা কার্যক্রমের উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: উবায়দুর রহমান সাহেল। এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নিলীমা আক্তার হ্যাপি, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ, ট্যাগ অফিসার আতিকুর রহমান, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম হাফেজ মাওঃ মামুনুর রশীদসহ উপজেলার বিভিন্ন সরকারি, বেসরকারি দপ্তরের

কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ ভোটাররা।

ভোটের গাড়ি’র মাধ্যমে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বক্তব্য ছাড়াও জুলাই গণ-অভ্যুত্থান, জুলাই যোদ্ধা, আবরার ফাহাদ হত্যা, ফেলানী হত্যাকাণ্ড, প্রবাসীদের ভোটাধিকার, গণভোটের মাধ্যমে রাষ্ট্রীয় সংস্কারসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

ভোটের গাড়ি প্রচারণায় দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ উবায়দুর রহমান সাহেল বলেন, বিগত সংসদ নির্বাচনে সাধারণ মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। কিন্তু এবারের নির্বাচনে আপনারা আপনাদের ভোটাধিকার প্রয়োগ করবেন এবং গণভোটে মতামত দেবেন। আপনারা যদি সংস্কারের পক্ষে থাকেন, যদি নতুন বাংলাদেশের পক্ষে থাকেন, তাহলে ‘হ্যাঁ’ ভোট দেবেন। আর যদি মনে করেন সংস্কারের প্রয়োজন নেই, তাহলে ‘না’ ভোট প্রয়োগ করবেন।

দামুড়হুদায় ছাগল চুরির অভিযোগে দুই জন গ্রেফতার

দামুড়হুদায় ছাগল চুরির অভিযোগে শ্রী সজীব অধিকারী (২৫) ও সবুজ মিয়া (২৬) নামের দুই জনকে গ্রেফতার করেছে পুলিশ। আজ মঙ্গলবার ভোর ৫টা পর্যন্ত অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার আরামডাঙ্গা এলাকায় ছাগল চুরির অভিযোগে জনতার হাতে আটক হওয়ার পর পুলিশের অভিযানে দুইজন চোরকে গ্রেফতার করা হয়। গতকাল সোমবার বেলা ১১টার দিকে আরামডাঙ্গা এলাকায় একটি ছাগলসহ জনতার হাতে ধরা পড়ে শ্রী সজীব অধিকারী। পরে উপস্থিত জনতা তাকে উত্তম মাধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দেয়।

সজিব অধিকারী জিজ্ঞাসাবাদে সে ছাগল চুরির বিষয়টি অকপটে স্বীকার করে এবং তার সহযোগীর নাম প্রকাশ করে।তার দেওয়া তথ্যের ভিত্তিতেই গতকাল মঙ্গলবার ভোর ৫টার দিকে আরামডাঙ্গা পূর্বপাড়া থেকে সবুজ

মিয়া নামের আরও একজনকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেপ্তারকৃত শ্রী সজীব অধিকারী ঝিনাইদহ জেলার কালিগঞ্জ থানার অন্তর্গত পাঁচকাহনীয়া গ্রামের নির্মল অধিকারীর ছেলে, বর্তমানে সে কার্পাসডাঙ্গা ভূমিহীন পাড়ায় বসবাস করে। তার বিরুদ্ধে এর আগে ৭টি চুরি মামলা রয়েছে বলে পুলিশ জানিয়েছে। অপর গ্রেপ্তারকৃত সবুজ মিয়া উপজেলার আরামডাঙ্গা পূর্বপাড়ার কাওসার আলীর ছেলে। তার বিরুদ্ধেও পূর্বে চুরি মামলা রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, গ্রেপ্তারকৃত দুইজনের বিরুদ্ধে চুরি মামলা দায়ের করা হয়েছে এবং গতকালই তাদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় জাতীয় সংসদ নিবার্চন ও আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী জাতীয় সংসদ নিবার্চন ও আইনশৃঙ্খলা বিষয় এবং দর্শনা থানার নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসানের সাথে দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসান শুভেচ্ছা জানানো হয়। এসময় দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি সিনিয়ার সাংবাদিক মনিরুজ্জামান ধীরু ও জাহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ দর্শনার আইন শৃঙ্খলা, চুরি, ডাকাতি যাতে না হয়, সে বিষয়ে নবাগত ওসিকে সজাগ থেকে কাজ করার জন্য আহবান জানান। এবং আগামী জাতীয় সংসদ নিবার্চন সুস্থ্য ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সে বিষয়ে দক্ষতার সাথে কাজ করার জন্য বেশ কিছু পরার্মশ প্রদান করেন।

এসময় নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসান উপস্থিত সাংবাদিকদের সহযোগিতা প্রদান করার জন্য বলেন। মতবিনিময় সভায় সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, ওয়াসীম রয়েল, সাব্বির আলিম, ইমতিয়াজ রয়েল, শ্রী কমল বাঁধন, রিফাত রহমান, আব্দুল হান্নানসহ সাংবাদিকবৃন্দ। মতবিনিময় সভা পরিচালনা করেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

কনকনে শীতে রাতে হতদরিদ্র বয়স্ক ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করলেন পৌর প্রশাসক

কনকনের শীতে রাতের বেলায় বিভিন্ন ওয়ার্ড়ে ঘুরে হতদরিদ্র বয়স্ক ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করেন, দর্শনা পৌর প্রশাসক শাহিন আলম। গতকাল সোমবার সন্ধ্যা দর্শনা হল্ট ষ্টেশন বাসস্ট্যান্ড সহ বিভিন্ন মহল্লায় শতাধিক কম্বল বিতরণ করেন।

তিনি বলেন, চুয়াডাঙ্গা জেলায় প্রায় সময় সর্বনিম্ন তাপমাত্রা ৮/৯ ডিগ্রি থাকে। আমরা চেষ্টা করছি যতটুকু পারি মানুষের সাহায্য করতে। সন্ধ্যার পর থেকে গভীর রাত্র পর্যন্ত দর্শনা পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে হত দরিদ্র ছিন্নমূল মানুষে মাঝে সামান্য কম্বল করে শীত নিবারণের জন্য চেস্টামাত্র।

দর্শনায় অনেক ধনী মানুষ আছে। আপনাদের মাধ্যম আহ্বান জানাচ্ছি সকলে যেন অসহায় মানুষের পাশে দাড়াতে। এসময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার সচিব সাজেদুর আলম, প্রধান সহকারী রুহুল আমিন, উচ্চমান সহকারী শাহ আলম, কর নির্ধারক জাহিদুল ইসলাম, হিসাবরক্ষক আরিফিন হোসেন, লাইসেন্স পরিদর্শক মোমিনুল ইসলাম, কার্য্য সহকারী হারুন অর রশিদ।